~~২২৬~~ 62

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08-FEB 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৪ ...

রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষা

# ফলাফলের ভুলের শিকার শত শত ছাত্র-ছাত্রী

পাবনা সংবাদদাতা ॥ ১৯৯৪ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশে রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ব্যাপক ভুল করার ফলে শত শত ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। বোর্ডের স্থগিতকৃত ফলাফল এখন পর্যন্ত ঘোষণা করা হয় নাই। এদিকে কৃতকার্য ছাত্র-ছাত্রীদের মার্কশীট বিতরণ করা হইয়াছে। মার্কশীটেও কিছু কিছু অসঙ্গতি ও ভুল-ত্রুটির অভিযোগ পাওয়া যাইতেছে।

কৃতকার্য ছাত্র-ছাত্রীরা উচ্চ পর্যায়ে শিক্ষা গ্রহণের লক্ষ্যে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইতিমধ্যে কোচিং হইতে শুরু করিয়া ব্যাপক প্রস্তুতি গ্রহণ করিতেছে। কিন্তু স্থগিত ঘোষিত ছাত্রছাত্রীরা পড়িয়াছে চরম বিপাকে। নিয়ম অনুযায়ী অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের ও পরবর্তী বছরের পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা অর্জনের জন্য নির্বাচনী (টেষ্ট) পরীক্ষায় অবতীর্ণ হইতে হয়। রাজশাহী শিক্ষাবোর্ড আওতাধীন সকল কলেজের নির্বাচনী পরীক্ষা ইতিমধ্যেই শেষ হইয়া গিয়াছে। ভুক্তভোগী ছাত্র-ছাত্রীরা এখন কি করিবে? ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাহারা প্রস্তুতি নিতে পারিতেছে না। আবার কৃতকার্য হওয়ার আশায় নির্বাচনী পরীক্ষায়ও অংশ নিতে পারে নাই ফলে এই সব ছাত্র-ছাত্রীর মনে গভীর হতাশা বাসা বাঁধিয়াছে।

এদিকে পাবনা জেলার ঈশ্বরদী বে-সরকারী মহিলা কলেজের বাণিজ্য বিভাগের ৩ জন ছাত্রীর স্থগিতকৃত ফলাফল সম্প্রতি প্রকাশ করা হইলেও উহাতে কিছু অসঙ্গতি লক্ষ্য করা যায়। উক্ত ফলাফলে ১ জন ছাত্রীকে ২য় বিভাগে উত্তীর্ণ এবং অপর ২ জনকে অকৃতকার্য ঘোষণা করা হইয়াছে। এইবারে শিক্ষাবোর্ড হইতে ছাত্রছাত্রীদের অকৃতকার্য বিষয়ের নম্বর কলেজগুলিতে প্রেরণ করা হইয়াছে। ঈশ্বরদী মহিলা কলেজের বাণিজ্য বিভাগে যে ২ জন ছাত্রীকে অকৃতকার্য ঘোষণা করা হইয়াছে উহার মধ্যে ৫০৩৭৯৪ রোল নম্বরধারী ছাত্রী হাসিনা খাতুনকে ১৮৬ ও ১৮৭ বিষয়ে অকৃতকার্য দেখানো হইয়াছে। এই নম্বর তালিকায় ১৮৬ বিষয় কোডের ১ম পত্র পরীক্ষায় অনুপস্থিত এবং ১৮৭ বিষয় কোডে নম্বর প্রাপ্তি প্রদর্শিত হইয়াছে। এদিকে হাসিনা নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করিতে আসিয়া উক্ত নম্বরপত্র দেখে এবং জানায় যে, ১৮৬ বিষয় কোডের বাণিজ্য নীতি প্রথম পত্র পরীক্ষায় সে যথারীতি উপস্থিত ছিল। এ ব্যাপারে পরীক্ষা কেন্দ্র ঈশ্বরদী সরকারী কলেজ কেন্দ্রের নথিপত্র অনুসন্ধান করিয়া দেখা যায় যে, হাসিনা উক্ত পরীক্ষায় যথারীতি অংশগ্রহণ করিয়াছে। হাসিনা যদি ১ম পত্রে ১৪ নম্বরও পায় তবে তাহার নম্বর হইবে ৬৬ অর্থাৎ কৃতকার্য হইবে। একই কলেজের স্থগিত বাণিজ্যের অপর ছাত্রীকেও একই বিষয়ে অনুপস্থিত দেখানো হইয়াছে। এইবারে প্রকাশিত বোর্ডের ফলাফলে এক শ্রেণীর কর্মকর্তা-কর্মচারীর খামখেয়ালির শিকার হইয়া বহু ছাত্র-ছাত্রীর জীবনে অমানিশার ঘোর অন্ধকার নামিয়া আসিয়াছে।